মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৭/০৪/২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিতব্য মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ : ২৭/০৪/২০২১ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ০৩/০৩/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) ১৯৯০ সালের পূর্বে যে সমস্ত অডিট আপত্তির বিপরীতে ১৬টি মামলা চলমান রয়েছে।<br>খ) অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে ইতোমধ্যে গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ<br>i. গত ১১/০২/২০২১ খ্রীঃ তারিখে মবক'র সভাকক্ষে ০১ (এক) দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ৫টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা হতে অদ্যাবধি নিষ্পত্তি পত্র পাওয়া যায়নি।<br>ii. গত ১৮/০৩/২০২১ তারিখে মবক'র এর সভা কক্ষে ০১ (এক) টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ৬টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা হতে অদ্যাবধি মীমাংসিত পত্র পাওয়া যায়নি।<br>iii. মবক'র পরিচালনা ও ব্যবস্থাপনা পারফরমেন্স বিশ্লেষণ ২০০৩-০৪ এর রির্পোটভুক্ত ৭টি আপত্তির পুনঃ ব্রডশীট জবাব মবক'র পত্র নং -৫৭৯,তাং-২১/৪/২১ খ্রীঃ এর মাধ্যমে নৌ-পরিবহন মন্ত্রনালয় ঢাকায় প্রেরণ করা হয়েছে।<br>iv. এছাড়াও অমীমাংসিত অডিট আপত্তির নিষ্পত্তি বিষয়টি প্রধান নিরীক্ষা কর্মকর্তার সভাপতিত্বে আন্তঃবিভাগীয় সভা পর্যায় ক্রমে অনুষ্ঠিত হচ্ছে।<br>সভায় প্রধান নিরীক্ষা কর্মকর্তা জানান যে, অমীমাংসিত ১৩টি আপত্তির মধ্যে ৬টি আপত্তি নিষ্পত্তির জন্য অডিট অধিদপ্তরের সুপারিশ প্রেরণ করা হয়েছে। বর্তমানে লকডাউনের জন্য অডিট অধিদপ্তর বন্ধ আছে। অফিস খোলা হলে যোগাযোগ করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সকল বিভাগের সমন্বয়ে অডিট আপত্তির জবাব প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ২. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) লে-আউট ও নকশার কপি চেয়ে মোংলা পৌরসভার গত ০১/০৩/২০২১ তারিখে পুনরায় পত্র প্রেরন করা হয়েছে। অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। রেলওয়ে কর্তৃক চাহিত ১.৩৫ একর জমি মবক কর্তৃক অন্য কোন স্থান হতে হস্তান্তর করা হবে না। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না করা হয় সে দিকে নজর রাখতে হবে এবং লে-আউট ও ভবনের নকশার কপি চেয়ে পৌরসভাকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br>খ) দোকানগুলি কীভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে বিস্তারিত তথ্যাদিসহ সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) লে-আউট অনুমোদন ব্যতীত বন্দরের জায়গায় বিল্ডিং তৈরী করা হয়েছে এ বিষয়ে আগামী সপ্তাহের সুবিধাজনক দিনে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা আহবান করতে হবে।<br>খ) এ বিষয়ে দ্রুত কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | মামলা সংক্রান্ত। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ২২/০৩/২০২০ | মবক'র ঢাকাস্থ প্যানেলভুক্ত আইনজীবী জনাব রইস উদ্দিন আহমেদ এর বকেয়া বাবদ প্রায় ১,৫৬,০৯,৮৫০/- টাকার বিল দাখিল করেন। উক্ত বিল যাচাই বাছাইপূর্বক সুপারিশ প্রদানের বিষয়ে গঠিত কমিটি কর্তৃক মবক'র ফি সিডিউল অনুযায়ী বিলটি যাচাই বাছাইয়ান্তে প্রায় ৫৭,৬৬,০০০/- টাকা প্রাপ্যযোগ্য মর্মে জানিয়েছেন। আপাততঃ কোন আইনজীবীকে মামলা পরিচালনা বাবদ অগ্রিম প্রদান করা হচ্ছে না। মামলার রায়ের পর বিল দাখিল স্বাপেক্ষে সংশ্লিষ্ট আইনজীবীগণের অনুকুলে বিল পরিশোধ করা হবে। ইতোমধ্যে প্রদত্ত অগ্রিম সমন্বয়ের জন্য আইনজীবীগণকে গত ২৯/৩/২১ তারিখে পত্র প্রদান করা হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে জনাব রইস উদ্দিন আহমেদ, অ্যাডভোকেট তার গৃহীত অগ্রিম সমন্বয়পূর্বক বাকী টাকা পরিশোধের জন্য অনুরোধ করেছেন। | মামলার বিষয়ে আইনজীবীকে অগ্রিম বিল দেয়া বন্ধ করতে হবে। কমিটি কর্তৃক মবক এর রেইট সিডিউল অনুযায়ী বিলের ৫৭,৬৬,০০০/- টাকা বিলের বিষয়টি সংশ্লিষ্ট আইনজীবীকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে এবং ০৭ (সাত)টি বিলের মামলা সংক্রান্ত কোন তথ্য না থাকায় উক্ত তথ্য চেয়ে আইনজীবীকে পত্র দিতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৪. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ২২/০৩/২০২০ | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য খসড়া নীতিমালা চূড়ান্ত করার বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে মর্মে সম্পত্তি শাখা কর্তৃক জানানো হয়। | খসড়া নীতিমালা অনুমোদনের লক্ষ্যে উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫. | অবৈধ দখলদার উচ্ছেদ। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ২২/০৩/২০২০ | মবক'র অনেক সম্পত্তি অবৈধভাবে দখলে আছে, সেগুলো জরুরীভাবে দখলমুক্ত করার জন্য তালিকা প্রস্তুত করতে হবে এবং মবক'র নিজস্ব ম্যাজিস্ট্রেট এর নির্দেশনা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবৈধ উচ্ছেদ কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | করোনা পরিস্থিতি বিবেচনা করে অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৬. | কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহ প্রসঙ্গে। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ০৭/০৫/২০২০ | মবক'র পর্যবেক্ষন/মতামতের আলোকে গত ২২/০৩/২১ তারিখে পুনঃ খসড়া চুক্তিপত্র প্রেরণ করে। তাদের দাখিলকৃত খসড়া চুক্তিপত্র পর্যালোচনা করে একটি খসড়া চুক্তিপত্র প্রণয়ন করা হয়েছে। খসড়া চুক্তিপত্রটি স্বাক্ষরের পূর্বে মবক'র প্যানেলভুক্ত বিজ্ঞ আইন উপদেস্টার নিকট থেকে ভেটেড করার জন্য পরিচ্ছন্ন পত্র ব্যবস্থাপক (প্রশাসন) বরাবর নথি উপস্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। উল্লেখ্য যে, ডেল্টা এলপিজি ও বসুন্ধরার সহিত যোগাযোগ করে সুলভ মূল্যে গ্যাস সরবরাহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী (যা:ওত:) ডেল্টা এলপিজিসহ অন্য সকল এলপিজি উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় সমন্বয় করতঃ কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী (যা:ওত:) ও ইআর শাখা (প্রশাসন বিভাগ) |
| ৭. | সিসিটিভি ক্যামেরা মনিটরিং রুমে রেকর্ডিং ফুটেজ ধীরগতি প্রসংগে। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ১৯-০৮-২০২০ | টিইসি এর সুপারিশক্রমে HOPE কর্তৃক অনুমোদিত হয়েছে। নথিটি আর্থিক সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। | আর্থিক সম্মতি গ্রহণ স্বাপেক্ষে কার্যক্রম শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ৮. | এপিএ ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে। <br> এজেন্ডা শুরুর তারিখঃ <br> ১৯-০৮-২০২০ | করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে প্রশিক্ষনের আয়োজন করা হবে। APA সংক্রান্ত প্রমানক সংরক্ষণ করা হয় এবং APA এর ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৩/০৪/২০২১ তারিখে APAMS সফটওয়্যারে আপলোড করা হয়েছে। | দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং APA সংক্রান্ত প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিকল্পনা প্রধান |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯. | ক) পুরাতন মোংলা আবাসিকসমূহে সুপেয় পানি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৯-২০২০<br>খ) হিরণ পয়েন্ট নীল কমল খালের মুখে মবক'র নিজস্ব ড্রেজার দ্বারা দ্রুত ড্রেজিং এর ব্যবস্থা করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৯-২০২০ | ক) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, পুরাতন মোংলা আবাসিকসমূহে সুপেয় পানি সরবরাহের প্রাক্কলন কাজ চলমান।<br>খ) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, ড্রেজিং এর জন্য ড্রেজার প্রেরণ করা হয়েছিল। কিন্তু জেটির সামনে জরুরী ড্রেজিং কাজের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ড্রেজার ফেরত আনা হয়েছে। এ বছর ড্রেজিং করা সম্ভব হবে না। সহকারী হারবার মাস্টার জানান যে, আগামী শীত মৌসুমে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ করতঃ ড্রেজিং কার্যক্রম গ্রহণ করা হবে। নীল কমল খাল দ্রুত ড্রেজিং করতে হবে। হারবার মাস্টার জানান যে, পরিবেশগত কারণ ও টেকসই নিরুপণে নীলকমল খাল ড্রেজিং সংরক্ষণ সম্ভব নয় বলে প্রতিয়মান। বিকল্প ব্যবস্থা হিসেবে মুরিং বয়া বসিয়ে পাইলট বোট ভাটার সময় মুরিং এ অবস্থান করবে অথবা মুরিং বয়ায় হাউজ বোট স্থাপন করা হবে এবং সেখানে পাইলটগণ অবস্থান করবেন। | ক) এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) এ বিষয়টি চলমান প্রক্রিয়া বিধায় আগামী সভার এজেন্ডা হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী (সি:ও হা:)<br>হারবার মাস্টার |
| ১০. | বাসা বরাদ্দ/বাতিল প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২২-১০-২০২০ | সকল সাবলেট বাতিলের বিষয়টি নিশ্চিত করতে হবে। মোংলায় বাসা আছে এমন কাউকে বাসে সীট বরাদ্দ দেয়া যাবে না। সাবলেটধারীদের তালিকা প্রণয়ন করে হারবার মাস্টারকে দ্রুত সরবরাহ করতে হবে। বরাদ্দকৃত বাসা থেকে ০৭ (সাত) দিনের মধ্যে সাবলেট নামানোর জন্য নোটিশ দিতে হবে। উক্ত সময়ের মধ্যে বরাদ্দকারী বাসায় বসবাস না করলে সিকিউরিটি সঙ্গে নিয়ে তালা ভেঙ্গে নতুন বরাদ্দকারীকে বাসাটি হস্তান্তর করতে হবে। উল্লেখ্য যে, অবশিস্ট ১৮ জনের মধ্যে ০৪ জন বাসা হস্তান্তর করছেন। পরবর্তীতে ১৪ জন কর্মচারী দাখিলকৃত বাসা বরাদ্দ বহাল চেয়ে আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | দ্রুত কমিটি গঠন করতঃ গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিলের পর এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |
| ১১. | মবক'র ইংরেজি ও বাংলা নামফলক প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৮-১২-২০২০ | বন্দরের মেইন গেটে মবক'র ইংরেজি ও বাংলা নামফলক থাকার বিষয়ে আলোচনান্তে গত ২০-০১-২০২১ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) এবং প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) জানান যে, কাজের Scope তৈরী করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | নীতিগত অনুমোদনের পর দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১২. | প্রশাসনিক কর্মকর্তা পদ<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৮-১২-২০২০ | মবক'র প্রশাসনিক কর্মকর্তা পদ বাস্তবায়নে মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি এবং চাহিত তথ্যাদির আলোকে মবক হতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা ফলোআপপূর্বক আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত মোতাবেক আগামী সমন্বয় সভায় উপস্থাপনের নিমিত্তে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | নতুন স্থাপিত পন্টুনে যাতায়াত ব্যবস্থা প্রসঙ্গে<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৮-১২-২০২০ | সিবিএ'র সাধারণ সম্পাদক সিভিল বিভাগের দক্ষিণ পার্শ্বে মবক'র নিজস্ব জলযান রাখার জন্য স্থাপিত পন্টুনে যাতায়াতের জন্য ইটের সলিং বসিয়ে রাস্তা নির্মাণসহ সাইকেল গ্যারেজ নির্মাণের জন্য সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে বিষয়টি প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, যতদিন LOC অনুমোদিত না হয় ততদিন এলপিজি গ্যাস লিমিটেড এর অফিস থাকবে। সেক্ষেত্রে নতুন স্থাপতি পন্টুনে যাতায়াতের জন্য রাস্তা নির্মাণের ব্যবস্থা গ্রহণ করবেন। তবে শর্ত যে, LOC শুরুর ০২ (দুই) মাস আগে জায়গা ছেড়ে দিতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ০৮/০৩/২০২১ তারিখ চেয়ারম্যান মহোদয় উক্ত স্থান পরিদর্শন করবেন। | ক) গ্রীন টাউন এলপিজি কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় চলাচলের রাস্তা তৈরীর জন্য মবক হতে অনুমোদন সম্পন্ন করতে হবে।<br>খ) এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে বিধায় আগামী সভার এজেন্ডা হতে বাদ দিতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১৪.</td><td>মবক এর ভান্ডার সমূহের Damage Item, Slow moving Item সমূহ নিলামে বিক্রয় প্রসঙ্গে।</td><td>মোংলা বন্দর কর্তৃপক্ষের চূড়ান্ত হিসাব নিরীক্ষাকালে বহিঃ নিরীক্ষকগণ মবক এর ভান্ডার সমূহের Damage Item, Slow moving Item সমূহ নিলামে বিক্রয়ের সুপারিশ করে থাকেন। উক্ত সুপারিশের উপর কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হয়েছিল, বাস্তবায়ন অদ্যাবধি জানা যায়নি। আগামী ২৭/০৪/২০২১ তারিখে দরপত্র গ্রহণের তারিখ নির্ধারিত আছে।</td><td>০৯ (নয়) কোটি টাকার মালামাল মবক'র বুক ভ্যালু দেখিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>যান্ত্রিক ও তড়িৎ, নৌ প্রকৌশল বিভাগ এবং কেন্দ্রীয় ভান্ডার</td></tr>
<tr><td>১৫.</td><td>মবক এর দৈনিক শ্রম নিয়োজিত জনবলের গ্রুপ ভিত্তিক ডিউটি করানো প্রসংগে।<br><u>এজেন্ডা শুরুর তারিখঃ</u><br>০৩-০৩-২০২১</td><td>মবক দৈনিক শ্রমিক ভিত্তিতে নিয়োজিত জনবলের সংখ্যা বর্তমানে ১১২ (একশত বার) জন। কোন বিভাগে কত জন দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক কর্মরত আছে তার একটি তালিকা নিম্নরূপ দেখানো হলো :
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>দক্ষ</th><th>অদক্ষ</th><th>দৈনিক লেবারদের সংখ্যা</th></tr>
<tr><td>প্রশাসন বিভাগ</td><td>০৫ জন</td><td>৪২ জন</td><td>৪৭ জন।</td></tr>
<tr><td>নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ</td><td>--</td><td>০১ জন</td><td>০১ জন।</td></tr>
<tr><td>পরিকল্পনা বিভাগ</td><td>--</td><td>০১ জন</td><td>০১ জন।</td></tr>
<tr><td>মেরিন বিভাগ</td><td>--</td><td>০১ জন</td><td>০১ জন।</td></tr>
<tr><td>অর্থ ও হিসাব বিভাগ</td><td>০৫ জন</td><td>০১ জন</td><td>০৬ জন।</td></tr>
<tr><td>হারবার এন্ড কঞ্জাঃ বিভাগ</td><td>০৮ জন</td><td>০১ জন</td><td>০৯ জন।</td></tr>
<tr><td>মেডিকেল বিভাগ</td><td>০২ জন</td><td>০৩ জন</td><td>০৫ জন।</td></tr>
<tr><td>ট্রাফিক বিভাগ</td><td>--</td><td>০৩ জন</td><td>০৩ জন।</td></tr>
<tr><td>নিরাপত্তা বিভাগ</td><td>০৯ জন</td><td>০১ জন</td><td>১০ জন।</td></tr>
<tr><td>যান্ত্রিক ও তড়িৎ বিভাগ</td><td>২০ জন</td><td>০১ জন</td><td>৪২ জন।</td></tr>
<tr><td>সিভিল ও হাইড্রোলিক্স বিভাগ</td><td>--</td><td>০৮ জন</td><td>০৮ জন।</td></tr>
<tr><td></td><td>৪৯ জন</td><td>৬৩ জন</td><td>মোট = ১৩৩ জন।</td></tr>
</table>
উক্ত কারণে, ১ম পর্যায় ০১/০৫/২০১৯ হতে কর্ম হতে = ২০ (বিশ) জন কে বাদ দেয়া হয়েছে।<br>২য় পর্যায় ১০/০৬/২০১৯ হতে কর্ম হতে = ২০ (বিশ) জন কে বাদ দেয়া হয়েছে।<br>৩য় পর্যায় ১৬/০৩/২০২০ হতে ৩০/০৩/২০২০ = ২০ (বিশ) জন কে বাদ দেয়া হয়েছে।<br>৪র্থ পর্যায়ে ১৬/০৮/২০২০ হতে কর্ম হতে = ১৮ (আঠারো) জন কে বাদ দেয়া হয়েছে।</td><td>সভায় সর্বসম্মতিক্রমে বিভিন্ন বিভাগের সহিত আলোচনার প্রেক্ষিতে যাঃ ও তঃ বিভাগের ২০ জন ও অর্থ ও হিসাব রক্ষণ বিভাগের ০৪ জন দৈনিক মজুরীভিত্তিক শ্রমিকদের অব্যাহতি দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, (১৩৩-২৪)=১০৯জন দৈনিক মজুরীভিত্তিক শ্রমিক কর্মরত আছে। আসন্ন ঈদ-উল-ফিতর এর পরে এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>পরিচালক (প্রশাসন)</td></tr>
<tr><td>১৬.</td><td>আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান প্রসঙ্গে।</td><td>বন্দর ব্যবহারকারীগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে অধিকতর উৎসাহ সৃষ্টির জন্য সভা করতে হবে। ফলে আমদানীকারকগণ মোংলা বন্দর ব্যবহারে আগ্রহ প্রকাশ করে। উল্লেখ্য যে, মোংলা বন্দরে ৯ মিটার জাহাজ আগমনের বিষয়টিসহ বন্দরের সক্ষমতা সম্পর্কে সংশ্লিষ্ট আমদানীকারকদেরকে অবহিত করতে হবে।</td><td>লক ডাউন শেষ হলে দ্রুত সভা আহবান করতে হবে।</td><td>হারবার মাস্টার ও পরিচালক (ট্রাফিক)</td></tr>
</table>

<u>নতুন এজেন্ডাঃ</u>

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত ১৪/০৯/২০১৮ তারিখে স্টেশনারী মালামাল ক্রয়/সংগ্রহের নিমিত্ত অগ্রিম গৃহীত ১৫,৮২৩/- টাকা সমন্বয় সাধন। | গত ১৪/০৯/২০১৮ তারিখে স্টেশনারী মালামাল ক্রয়/সংগ্রহের নিমিত্ত অগ্রিম গৃহীত ১৫,৮২৩/- টাকা সমন্বয় সাধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | ১৫,৮২৩/- টাকার সঠিক কাগজপত্র/ বিল দাখিল স্বাপেক্ষে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া মবক'র বিভিন্ন বিভাগে পুরাতন সকল অসমন্বিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগ/ কোষ প্রধান ও প্রধান অর্থ হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২. | মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ। | মোংলা বন্দরের জেটি সম্মুখ এবং মোংলা বন্দর এলাকায় বিদ্যমান বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের জেটির সামনে ড্রেজিং করে মবক এর বিভিন্ন জমিতে মাটি ফেলা হয়ে থাকে। বর্তমানে প্রায় সকল জমি ভরাট হয়ে গিয়েছে এবং অনেক স্থানে ড্রেজিং মাটি স্তুপ করে রাখা আছে। মবক এর জেটির সামনে যে কাটার সাকশন ড্রেজার দ্বারা ড্রেজিং করা হয়, তা দিয়ে সর্বোচ্চ ১৫০০ মি. দূরে মাটি ফেলা যায়। এই সীমাবদ্ধতার কারণে জেটি সম্মুখ হতে ড্রেজিং করে মবক এর সীমানার বাইরে মাটি ফেলা সম্ভব নয়। অন্যদিকে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানকে ড্রেজিং মাটি ফেলার জন্য জমি দেওয়া হলে মবক তা থেকে ভাড়া পেয়ে থাকে। কিন্তু বর্তমানে আর কোন নিচু জমি না থাকায় ড্রেজিং মাটি ফেলা বাধাগ্রস্ত হচ্ছে এবং ভবিষ্যতে ড্রেজিং বন্ধ হয়ে যেতে পারে। তাই মবক এর যেসব জমিতে ড্রেজিং মাটি ফেলা আছে তা জরুরী ভিত্তিতে অপসারণ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | ড্রেজিং মাটি অপসারণের ক্ষেত্রে বর্তমান যে রেট চালু আছে তা থেকে কম রেট নির্ধারণ করে নথি উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণ স্বাপেক্ষে বিজ্ঞপ্তি দিতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩. | নিরাপত্তা বিভাগের কর্মচারীদের জন্য নিরাপত্তা ব্যারাক নির্মাণ প্রসঙ্গে। | মবক এর বর্তমান সেট আপে নিরাপত্তা বিভাগের মোট জনবল ৩৪৭ জন। এছাড়া নতুন প্রস্তাবিত ৫৬৬ জন জনবলের সেটআপ কার্যক্রম চলমান। নিরাপত্তা বিভাগের জনবল স্বল্পতার জন্য ১৪৫ জন আনসার সদস্য এবং ১০০ জন প্রাইভেট নিরাপত্তা প্রহরীর মাধ্যমে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রাইভেট নিরাপত্তা প্রহরীদের বাসস্থানের ব্যবস্থা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক করা হয় এবং আনসার সদস্যদের বসবাসের জন্য বন্দর কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী বন্দর এলাকায় একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণ করা হয়। উক্ত ব্যারাকে নিরাপত্তা প্রহরী ও আনসার সদস্য সহ মোট ১১৫ জন নিরাপত্তা কর্মী বসবাস করে। উল্লেখ্য গত ০১/০৪/২০২১ ইং তারিখ নতুন ৮৪ জন নিরাপত্তা প্রহরী যোগদান করলে তাদের মবক এর নিরাপত্তা ব্যারাক এবং টিনশেড ব্যাচেলর ব্যারাকে বসবাসের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া আগামী ০২ মে ২০২১ ইং তারিখে নতুন করে ২৩ জন নিরাপত্তা প্রহরী মোংলা বন্দর কর্তৃপক্ষে যোগদান করনে বলে জানা যায়। ফলে নিরাপত্তা কর্মীদের বাসস্থানের সংকট প্রকট হবে বলে প্রতীয়মান। এমতাবস্থায় নিরাপত্তা বিভাগের কার্যক্রম এবং জনবল নিয়োগ প্রক্রিয়া বিবেচনায় নতুন একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণ করা প্রয়োজন। উল্লেখ্য পত্র নং- ১৮.১৪.০১৫৮.১৭১.০০.০০৯.২১-২২০, তারিখ: ৩১/০৩/২০২১ ইং এর মাধ্যমে প্রধান প্রকৌশলী (সি: ও হা:) কে নিরাপত্তা বিভাগের কর্মচারীদের জন্য নতুন একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | প্রশাসন বিভাগকে অবগত রেখে সিঃ ও হাঃ বিভাগ নিরাপত্তা বিভাগের সাথে সমন্বয় করে নিরাপত্তা বিভাগের কর্মচারীদের জন্য নিরাপত্তা ব্যারাক নির্মাণের ব্যবস্থা গ্রহণ করবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ৪. | মবক হতে সরবরাহকৃত এ্যাম্বুলেন্সের ভাড়া ফ্রি করণ প্রসঙ্গে। | মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা, কর্মচারী ও তাদের পোষ্যরা মোংলা বন্দরের আবাসিক এলাকায় বসবাস করেন। ইদানিং মোংলা বন্দরের অনেক কর্মচারীরা ডিউটিরত অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। ফলে তারা তাৎক্ষণিকভাবে মোংলা বন্দর হাসপাতালে আসে। হাসপাতাল থেকে মোংলা থেকে খুলনা রেফার করা হয়। এ্যাম্বুলেন্স যোগে যাওয়ার পথে অনেক ক্ষেত্রে রোগী মারা যায়। যার উদাহরণ হিসেবে বলা যায় মরহুম শাহনুর, হইল সুকানি এ্যাম্বুলেন্স এ যাওয়ার পথে মৃত্যুবরণ করেন। এছাড়া যখন কোন কর্মচারী মারাত্বক অসুস্থ হয়ে পড়েন তাৎক্ষণিকভাবে তাদের নিকট কোন টাকা থাকে না। সিবিএ'র বক্তব্য হলো মানবিক দিক বিবেচনা করে এ্যাম্বুলেন্সের ভাড়া সম্পূর্ন ফ্রি করে দেওয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা, কর্মচারী ও তাদের পোষ্যদের মবক হতে সরবরাহকৃত এ্যাম্বুলেন্সের ভাড়া ফ্রি করণের বিষয়ে আগামী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫. | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা প্রসঙ্গে। | বর্তমানে হার্টের সমস্যা গুরুতর ভাবে দেখা দিয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষের হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা। যা প্রয়োগের মাধ্যমে খুলনা পর্যন্ত সুস্থ ভাবে যেতে পারে। পাশাপাশি মোংলা বন্দর কর্তৃপক্ষের হাসপাতাল থেকে যখন রোগীকে খুলনায় রেফার করা হয় সেখানে তারা ঠিকমত চিকিৎসা সুবিধা হতে বিলম্বিত হয়। এই দিক বিবেচনায় রেখে মোংলা বন্দর কর্তৃপক্ষের হাসপাতালের মাধ্যমে খুলনাস্থ যেকোন সরকারী হাসপাতালে রেফার করে সংশ্লিষ্ট সরকারী হাসপাতালে সহজে ভর্তি হতে পারে তার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত রোগীদের গাজী মেডিকেল ও সিটি মেডিকেল হাসপাতালে দ্রুত সেবা প্রদানের নিমিত্তে হাসপাতালগুলোর সাথে চুক্তি করা যায় কি না, সে বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৬. | জনাব মোঃ মোজাম্মেল হক এর মেকানিক পদ হতে অটো-মেকানিক গ্রেড-১ পদে পদ পরিবর্তন। | মেকানিক পদ হতে অটো-মেকানিক গ্রেড-১ পদে পরিবর্তন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | জনাব মোঃ মোজাম্মেল হক এর মেকানিক পদ হতে অটো-মেকানিক গ্রেড-১ পদে পদ পরিবর্তনের বিষয়টি প্রশাসন বিভাগ হতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

উল্লেখ্য, যে সকল আলোচ্যসূচির বিষয়ে ইতোমধ্যে কার্যক্রম সম্পন্ন হয়েছে, সে সকল আলোচ্যসূচি কার্যবিবরণী হতে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

পরিচালক (প্রশাসন)

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- ১৮৯ ১১ মে ২০২১ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

............................................................ মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।